

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩ ১৬

আগরতলা, ২৯ মে, ২০২৪

জাতীয় হস্তকারু শিল্প পুরস্কার-২০২৩

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২০ জুন

প্রতি বছরের মতো এবারও ভারত সরকারের বন্দ্র মন্ত্রকের অধীন ডেভেলপমেন্ট কমিশনার (হস্তকারু শিল্প)-এর কার্যালয় থেকে শিল্প গুরু পুরস্কার-২০২৩ এবং জাতীয় হস্তকারু শিল্প-এর আওতায় মাস্টার ক্রাফটস পার্সন-এর জাতীয় পুরস্কার, ২০২৩, ডিজাইন ইনোভেশন অ্যাওয়ার্ড ২০২৩ এবং স্টারটাপ ভেনচার পুরস্কার ২০২৩-এর জন্য আবেদনপত্র আহ্বান করা হয়েছে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২০ জুন, ২০২৪। বিভিন্ন বিভাগে মোট ২৫টি পুরস্কার প্রদান করা হবে। শিল্প গুরু এবং জাতীয় হস্তকারু শিল্প বিভাগে মহিলা শিল্পীদের জন্য ১টি করে পুরস্কার সংরক্ষিত থাকবে। মূলত এসব বিভাগে শিল্পীদের উৎসাহ দিতে বিশেষ করে যাদের সংশ্লিষ্ট শিল্পক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রয়েছে তাদের এই পুরস্কারের জন্য বিবেচনা করা হবে।

এই পুরস্কারগুলির জন্য আবেদন করতে হলে যে যোগ্যতা ধার্য করা হয়েছে তা হলো - ১) শিল্প গুরু পুরস্কার আবেদনকারীকে একজন মাস্টার ক্রাফটস পার্সন হতে হবে এবং ভারতে বসবাসকারী ভারতীয় নাগরিক হতে হবে। বয়স হতে হবে কমপক্ষে ৫০ বছর এবং সংশ্লিষ্ট শিল্পক্ষেত্রে কমপক্ষে ২০ বছরের অভিজ্ঞতা সহ পতেচান ফটো আইডি কার্ড থাকতে হবে এবং জাতীয় বা রাজ্যস্তরে পুরস্কারপ্রাপ্ত হতে হবে। ২) হস্তকারু শিল্পে জাতীয় পুরস্কারের জন্য ভারতে বসবাসকারী ভারতীয় নাগরিকগণ ৩০ বছরের উর্ধ্বে বয়স হলে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ১০ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারবেন। ৩) ডিজাইন ইনোভেশন বিভাগে ৩০ বছর বয়স, ১০ বছরের অভিজ্ঞতা, ভারতে বসবাসকারী ভারতীয় নাগরিক হওয়া ছাড়াও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ভাস্কর্য, ফাইন আর্টস, ডিজাইন, ফ্যাশন ইত্যাদি বিষয়ে ৪ বছরের ডিগ্রি থাকতে হবে। ৪) স্টারটাপ বিভাগে গত বছরের ৩১ ডিসেম্বর তারিখে কমপক্ষে ৫ বছর পুরোনো তবে ১০ বছরের বেশি পুরোনো নয় এমন স্টারটাপ আবেদন করতে পারবে।

পুরস্কার হিসেবে ১ম বিভাগে অর্থাৎ শিল্প গুরুতে থাকছে ৩.৫০ লক্ষ টাকা নগদ, একটি স্বর্ণমুদ্রা, তাম্রপত্র, শাল এবং শংসাপত্র। ২য় ও ৪র্থ বিভাগে থাকছে ২ লক্ষ টাকা নগদ পুরস্কার, তাম্রপত্র, শাল এবং শংসাপত্র। ৩য় বিভাগে থাকছে ৩ লক্ষ টাকা। এই পুরস্কার ডিজাইনার ও শিল্পীর মধ্যে সমভাবে ভাগ হবে এবং উভয়ের জন্য থাকবে তাম্রপত্র, শাল ও শংসাপত্র। আবেদনপত্র পাঠাতে হবে নির্দিষ্ট ফরম্যাটে অনলাইনে / অফলাইনে ডেভেলপমেন্ট কমিশনার (হ্যান্ডিক্রাফটস) -এর অফিসে অথবা নিকটবর্তী হ্যান্ডিক্রাফটস সার্ভিস সেন্টারে। তাছাড়া বিস্তারিত তথ্য [www.handicrafts.nic.in](http://www.handicrafts.nic.in) ওয়েবসাইটে পাওয়া যাবে।

\*\*\*\*\*